

কারিগরি শিক্ষা বোর্ডের

পাসের হার: ৫৯.৯৮

জিপিএ-৫ পেয়েছে ৬ জন

স্টাফ রিপোর্টার বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষায় এ বছর গড় পাসের হার ৫৯ দশমিক ৯৮। এবার ২৬ হাজার ৮-এর গুণ ১-এর ক্রম যুক্ত

কারিগরি শিক্ষা বোর্ডের

প্রথম পূটার পর

৬২৮ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে ১৫ হাজার ৯৬৯ জন পাস করেছে। হিসাব বিভাগে ২ হাজার ৫৮০ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ৬৫০ জন, ব্যাবিক শাখায় ৫৮১ জনের মধ্যে ৩৭৬ জন, কম্পিউটার অপারেশনে ১২ হাজার ৯৫৬ জনের মধ্যে ৮ হাজার ২৬২ জন, উদ্যোক্তা, উন্নয়ন বিভাগে ৫৮০ জনের মধ্যে ৩৬৭ জন এবং সেক্রেটারিয়াল সার্কেলে ৯ হাজার ৯২৮ জনের মধ্যে ৫ হাজার ৩১৪ জন পরীক্ষার্থী পাস করেছে। উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে মাত্র ৪ জন জিপিএ-৫ পেয়েছে। এছাড়া জিপিএ-৪ থেকে ৫-এর নিচে পেয়েছে ৪ হাজার ২৭৫ জন, জিপিএ-৩ দশমিক ৫ থেকে ৪-এর নিচে পেয়েছে ৭ হাজার ২১৪ জন এবং জিপিএ-৩ থেকে ৩ দশমিক ৫ পেয়েছে ৩ হাজার ৭৫৫ জন শিক্ষার্থী। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে এ বছর একজন ছাত্রীও জিপিএ-৫ পায়নি। এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা), ডিপ্লোমা ইন কমার্স এবং এইচএসসি (ভোকেশনাল) ফাইনাল পরীক্ষায় ৭৩৩টি প্রতিষ্ঠান থেকে ২৬ হাজার ৬২৫ জন, ব্যবসায় ব্যবস্থাপনা ৭টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৬২০ জন, ডিপ্লোমা-ইন-কমার্স এবং ৫৭টি টেকনিক্যাল স্কুল ও কলেজ থেকে মোট ১৭৭ জন পরীক্ষার্থী এইচএসসি ভোকেশনাল ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে ৫২৭ জন পাস করেছে। এ শাখায় মাত্র ২ জন জিপিএ-৫ পেয়েছে। ডিপ্লোমা-ইন-কমার্সে ৬২০ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে এবং ৩১৬ জন পাস করেছে। তবে কেউ জিপিএ-৫ পায়নি। ডিপ্লোমা-ইন কমার্সে পাসের হার ৫০ দশমিক ৯৭। সেক্রেটারিয়াল সার্কেলে ২৯৯ পরীক্ষার্থী অংশগ্রহণ করে ১৪৪ জন পাস করেছে। হিসাব বিভাগ শাখায় ৩২১ জন পরীক্ষার্থী অংশ নিয়ে ১৭২ জন পাস করেছে। কেউ জিপিএ-৫ পায়নি।